বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY
## সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল




সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, দক্ষিণ কোরিয়া ও ইতালিতে

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে

# বিএ এবং বিএসএস প্রোগ্রাম

বহিঃবাংলাদেশ (নিশ-২)

উন্মুক্ত ও দূরশিক্ষণ

# ভর্তি চলছে



ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য কিউআর (QR) কোডটি স্ক্যান করুন।

## যোগাযোগের ঠিকানা


- ডিন, এসএসএইচএল, বাউবি
  e-mail: bousshl2019@bou.ac.bd
- ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং
  e-mail: iapw@bou.ac.bd
- সংশ্লিষ্ট দেশসমূহের বাংলাদেশ দূতাবাস


## অনলাইনে আবেদন ও ভর্তির তারিখ

৩১ জুলাই, ২০২৫ থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৫

## ক্লাস শুরু

২৪ অক্টোবর, ২০২৫ (সৌদি আরব, কাতার, কুয়েত এবং ওমান)

২৬ অক্টোবর, ২০২৫ (সংযুক্ত আরব আমিরাত, দক্ষিণ কোরিয়া এবং ইতালি)

বিস্তারিত তথ্যের জন্য https://bou.ac.bd

বি: দ্র: ভর্তির আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলি ও সংযুক্ত কাগজপত্র ভুল প্রমাণিত হলে ভর্তি বাতিল হবে এবং ভর্তির টাকা অফেরতযোগ্য।


অধ্যাপক তানভীর আহসান
ডিন
এসএসএইচএল, বাউবি

ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং
International Academic Programme Wing

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

## বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রাম : বিএ এবং বিএসএস ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের (২০২৫ ব্যাচ) ভর্তি নির্দেশিকা (সংশোধনী)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ এবং বিএসএস প্রোগ্রামের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (২০২৫ ব্যাচ) শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু হয়েছে। সৌদি আরব, কাতার, কুয়েত, ওমান, ইতালি, দক্ষিণ কোরিয়া এবং সংযুক্ত আরব আমিরাতে কর্মরত/বসবাসরত বৈধ বাংলাদেশী অভিবাসী কিংবা বাংলাদেশী বংশোদ্ভূত আগ্রহী ব্যক্তিদের সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ-দূতাবাসের মাধ্যমে বিএ এবং বিএসএস প্রোগ্রামে ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা নিম্নরূপ:

**ক) ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া সম্পাদন ও ক্লাস শুরুর তারিখ**

১. **ভর্তির আবেদন ও ভর্তি প্রক্রিয়া সম্পাদনের তারিখ** ৩১ জুলাই ,২০২৫ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৫।

২. **ক্লাস শুরুর তারিখ**

- ২৪ অক্টোবর, ২০২৫ (সৌদি আরব, কাতার, কুয়েত এবং ওমান)।
- ২৬ অক্টোবর, ২০২৫ (ইতালি, দক্ষিণ কোরিয়া এবং সংযুক্ত আরব আমিরাত)।

**খ) প্রোগ্রামের নাম ও কোড:** বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ এবং বিএসএস প্রোগ্রাম। কোড নম্বর-৬৮

**গ) শিক্ষা প্রণালী:** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে দূরশিক্ষণ পদ্ধতিতে পরিচালিত হবে।

**ঘ) শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬ (ব্যাচ: ২০২৫)।**

**ঙ) রেজিস্ট্রেশনের মেয়াদ:** বহিঃবাংলাদেশ (নিশ-২) বিএ এবং বিএসএস প্রোগ্রামের মেয়াদ ৩ (তিন) বছর এবং ০৬ (ছয়) সিমেস্টার বিশিষ্ট। প্রতি সিমেস্টারের সময়কাল ০৬ (ছয়) মাস। রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) শিক্ষাবর্ষ।

**চ) ভর্তির যোগ্যতা:** আবেদনকারীকে এইচএসসি/আলিম/এ-লেভেল বা সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলাদেশের নাগরিক হিসেবে সৌদি আরব/কাতার/কুয়েত/ওমান/সংযুক্ত আরব আমিরাত/ইতালি অথবা দক্ষিণ কোরিয়ার অভিবাসী কিংবা বাংলাদেশী বংশোদ্ভূত হতে হবে।

**ছ) প্রয়োজনীয় কাগজপত্র:** ভর্তির আবেদন অনলাইনে পূরণ করার সময় নিম্নোক্ত কাগজপত্র প্রস্তুত রাখতে হবে। (i) প্রার্থীর সম্প্রতি তোলা ছবির (300 x 300 Pixel) স্ক্যান কপি, (ii) স্বাক্ষরের (300 x 100 Pixel) স্ক্যান কপি, (iii) এসএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের স্ক্যান কপি, (iv) এইচএসসি বা সমমানের পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের স্ক্যান কপি, (v) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/অনলাইন জন্ম নিবন্ধন সার্টিফিকেটের স্ক্যান কপি, (vi) পাসপোর্টের স্ক্যান কপি, (vii) বসবাসের অনুমতি কার্ডের স্ক্যান কপি, (viii) ভর্তি ফি জমাদান প্রমাণকের স্ক্যান কপি।

**জ) আবেদনের জন্য ফরম পূরণের পূর্বে পরিলক্ষিত বিষয়:** আবেদন ফরমে শিক্ষার্থীর নাম, জন্ম তারিখ এবং পিতা-মাতার নাম এসএসসি/সমমানের সনদ অনুযায়ী লিখতে হবে। শিক্ষার্থীর সনদপত্রের সাথে পাসপোর্ট/এনআইডি'তে উল্লেখিত তথ্যে (নাম, জন্ম তারিখ) গরমিল পরিলক্ষিত হলে এসএসসি/সমমানের সনদপত্রের তথ্য সঠিক বলে বিবেচিত হবে।

**ঝ) ভর্তি সংক্রান্ত অন্যান্য ফি**

| বর্ষ | সিমেস্টার | ফি'র পরিমাণ | দ্রষ্টব্য |
|---|---|---|---|
| ১ম বর্ষ | **১ম সিমেস্টার** | **১৬৪৭০ টাকা** | **০৭ আগস্ট, ২০২৫ থেকে ১ম সিমেস্টারে ভর্তি ফি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে জমা দেয়া যাবে।** |
| | ২য় সিমেস্টার | ১৪০৩০ টাকা | |
| ২য় বর্ষ | ৩য় সিমেস্টার | ১২২০০ টাকা | |
| | ৪র্থ সিমেস্টার | ১০৯৮০ টাকা | |
| ৩য় বর্ষ | ৫ম সিমেস্টার | ১১৫৯০ টাকা | |
| | ৬ষ্ঠ সিমেস্টার | ১৫২৫০ টাকা | |
| সর্বমোট | | ৮০৫২০ টাকা | |

**ঞ) ১ম এবং ২য় সিমেস্টারের পরীক্ষা একত্রে ১ম বর্ষে, ৩য় এবং ৪র্থ সিমেস্টারের পরীক্ষা একত্রে ২য় বর্ষে এবং ৫ম এবং ৬ষ্ঠ সিমেস্টারের পরীক্ষা একত্রে ৩য় বর্ষে অনুষ্ঠিত হবে ।**

**ট) জ্ঞাতব্য:** (i) সংশ্লিষ্ট দেশের সাপ্তাহিক ছুটির দিনে অনলাইনে প্রতি কোর্সে ০৮টি টিউটোরিয়াল ক্লাস শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এজন্য শিক্ষার্থীর ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় ডিভাইস থাকতে হবে। (ii) শিক্ষার্থী ই-বুক ব্যবহার করবেন। (iii) ভর্তিকৃত শিক্ষার্থী বাংলাদেশে প্রত্যাবর্তন করলে অথবা অন্য দেশে অভিবাসন গ্রহণ করলে (নিশ-২) বিএ এবং বিএসএস প্রোগ্রামে তার শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে।

**ঠ) ই-বুক প্রাপ্তির জন্য এই লিংকে ➡ https://www.ebookbou.edu.bd/ba_bss.php ক্লিক করতে হবে।**

**যোগাযোগ**

**বাংলাদেশ দূতাবাস**
সৌদি আরব/কাতার/কুয়েত/ওমান/ইতালি/দক্ষিণ কোরিয়া/সংযুক্ত আরব আমিরাত

**ডিন, এসএসএইচএল, বাউবি**
E-mail:bousshl2019@bou.ac.bd

**ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং, বাউবি**
E-mail:iapw@bou.ac.bd

## OSAPS-এর মাধ্যমে বাউবি'র Niche-2 এর BA&BSS প্রোগ্রামে আবেদন, ভর্তি এবং কোর্স এনরোলমেন্ট সংক্রান্ত তথ্যঃ

➢ **অনলাইনে আবেদন করার প্রক্রিয়া:**

- যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশনের Admission অপশনের School of Social Science, Humanities and Language -এর অধীনে BA&BSS (Niche-2) প্রোগ্রামের পাশে Apply Now বাটনে ক্লিক করুন। অতঃপর General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন।
- Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (300×300 pixel, JPG Format), স্বাক্ষর(300×100 pixel, JPG Format), NID/Birth Certificate, Resident id ও পাসপোর্টের পিডিএফ (Maximum 250 KB) আপলোড করে Next বাটনে ক্লিক করুন।
- Academic Information ধাপে শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদের পিডিএফ (Maximum 250 KB) আপলোড করুন। Professional Information ধাপে অভিজ্ঞতার তথ্য সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও পাসওয়ার্ড প্রেরণ করা হবে।
- আবেদন যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে Procced to Payment বাটনে ক্লিক করুন এবং প্রদর্শিত Online Payment Gateway System সমূহ থেকে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। সফলভাবে ফি জমাদান শেষে 'Payment has been completed successfully' মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলে মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।

➢ **অনলাইনে-এ ভর্তি ফি জমাদানের প্রক্রিয়াঃ**

- চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের User ID ও Password দিয়ে https://osapsnew.bou.ac.bd ওয়েবসাইটে লগইন করলে প্রোফাইল পেইজে Course Enrollment বাটন প্রদর্শিত হবে। উক্ত বাটনে ক্লিক করলে কোর্স ও অন্যান্য ফি সমূহ প্রদর্শিত হবে।
- যথাযথভাবে সঠিক কোর্সসমূহ নির্বাচন করে Procced to Payment বাটনে ক্লিক করুন এবং প্রদর্শিত Online Payment Gateway System সমূহ থেকে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমা দিন। সফলভাবে ফি জমাদান শেষে 'Payment has been completed successfully' মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলে মাধ্যমে শিক্ষার্থীকে অবহিত করা হবে।
- সঠিকভাবে Course Enrollment এর কাজ সম্পন্ন করার পর নিজ নিজ User ID ও Password এর মাধ্যমে OSAPS-এ লগইন করে Print Profile বাটনে ক্লিক করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং Payment History থেকে Action মেনুর Print অপশনে ক্লিক করে Payment Slip টি প্রিন্ট করুন।
- সকল কাগজপত্রাদির এক সেট ফটোকপি, User ID ও পাসওয়ার্ড এবং পেমেন্ট সম্পর্কিত সকল তথ্য (যেমন: Account number/Bkash number, Transaction ID, Transaction Date, Amount ইত্যাদি) পরবর্তী প্রয়োজনার্থে নিজের কাছে সংরক্ষণ করুন।
- অনলাইন আবেদন এবং ভর্তি সংক্রান্ত যেকোন সমস্যার জন্য পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে OSAPS হেল্পলাইনের ই-মেইল: help.osaps@bou.ac.bd এ যোগাযোগ করুন।

**ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে কিউআর কোডটি স্ক্যান করুন**